রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৯, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন**

**আদেশ**

তারিখ: ০৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/২০ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩৬৩-আইন/২০২৪।**—বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি ৮ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের কার্য সম্পাদন আদেশ, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৩ এর দফা (১) এ উল্লিখিত "সচিব," শব্দ ও চিহ্ন বিলুপ্ত হইবে এবং "মোতাবেক" শব্দের পর "সচিব" শব্দ সন্নিবেশিত হইবে;

(২) অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত "০৬ (ছয়)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "০৫ (পাঁচ)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) অনুচ্ছেদ ৯ এ উল্লিখিত "সংস্থাসমূহ ও সরকারী কর্ম কমিশন" শব্দগুলির পরিবর্তে "সংস্থাসমূহ, সরকারী কর্ম কমিশন ও ব্যক্তি" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৪) অনুচ্ছেদ ১২ এ উল্লিখিত “কমিশনকে দায়িত্ব প্রদান করা হইলে বা কোনো বিষয়ে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কমিশন উক্ত দায়িত্ব সম্পাদন বা পরামর্শ প্রদান করিবে” শব্দগুলির পরিবর্তে “বা আইন ও বিচার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক কমিশনকে দায়িত্ব পালন বা কার্য সম্পাদনে অনুরোধ জানানো বা কোনো বিষয়ে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কমিশন উক্ত দায়িত্ব পালন বা কার্য সম্পাদন করিতে পারিবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) অনুচ্ছেদ ১৩ এর দফা (২) এ উল্লিখিত “১৫,০০০ (পনের হাজার) টাকা” সংখ্যা, শব্দ, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে “২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা বা পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) বা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী অনুমোদিত সরাসরি নগদ প্রতি ক্রয়সীমা, যাহাই বেশী হউক” সংখ্যাগুলি, শব্দগুলি, চিহ্নগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(৬) অনুচ্ছেদ ১৭ এর দফা (৩) বিলুপ্ত হইবে।

কমিশনের আদেশক্রমে

**মুরাদ-এ-মওলা সোহেল**
সচিব (সিনিয়র জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd